
The Bangladesh Monitor - A Premier Travel Publication



ওমরাহ নিয়মে কড়াকডি, মানতে হবে যে ১০ বিষয়

- A Monitor Desk Report



ঢাকা : ওমরাহ যাত্রা আরও শৃঙ্খল ও নিরাপদ করতে নতুন কিছু কঠোর নিয়ম চালু করেছে সৌদি আরব। এখন থেকে পর্যটক ভিসায় ওমরাহ পালন করা যাবে না এবং প্রতিটি ধাপ যেমন- ভিসা আবেদন, হোটেল বুকিং থেকে শুরু করে পরিবহন 🛮 সবকিছুই সরকারি প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

সংযুক্ত আরব আমিরাতভিত্তিক ওমরাহ অপারেটররা জানিয়েছেন, এই নতুন ব্যবস্থা যাত্রাপথকে আরও স্বচ্ছ ও সংগঠিত করলেও, তীর্থযাত্রীদের জন্য তা মানা বাধ্যতামূলক করা হয়েছে। নিচে ওমরাহর আগে জরুরি ১০টি নতুন পরিবর্তন তুলে ধরা হলো।

১. ভিসা আবেদনের সময়ই হোটেল বুকিং বাধ্যতামূলক

এখন থেকে হোটেল বুকিং পরে নয়, ভিসা আবেদন করার সময়ই করতে হবে। আবেদনকারীদের মাসার সিস্টেম বা নুসুক অ্যাপের মাধ্যমে অনুমোদিত হোটেল বেছে নিতে হবে অথবা আত্মীয়ের বাসায় থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে।

২. আত্মীয়ের বাসায় থাকলে দিতে হবে সৌদি আইডি

যদি কেউ সৌদিতে আত্মীয়ের বাসায় থাকতে চান, তবে হোস্টেল ইউনিফায়েড সৌদি আইডি নম্বর দিতে হবে। পরিকল্পনা বদলালে সেই আইডি আপডেট করতে হবে।

৩. পর্যটক ভিসায় ওমরাহ সম্পূর্ণ নিষিদ্ধ

এখন থেকে ট্যুরিস্ট ভিসায় ওমরাহ পালন করা যাবে না। কেউ চেষ্টা করলে তাকে রিয়াজুল জান্নাহ বা অন্যান্য পবিত্র স্থানে প্রবেশে বাধা দেওয়া হতে পারে।

৪. আবশ্যিক ওমরাহ ভিসা

সব তীর্থযাত্রীকেই এখন থেকে নুসুক প্ল্যাটফর্মের মাধ্যমে ওমরাহ ভিসা নিতে হবে ই-ভিসা অথবা অনুমোদিত এজেন্টের প্যাকেজের মাধ্যমে।

৫. ভ্রমণসূচি পরিবর্তন নিষিদ্ধ

ভিসা আবেদনের সময়ই ভ্রমণসূচি জমা দিতে হবে, পরে তা পরিবর্তন বা স্থগিত করা যাবে না। সময়সীমা অতিক্রম করলে জরিমানা হবে।

৬. নির্দিষ্ট কিছু দেশের নাগরিকদের জন্য অন-অ্যারাইভাল ভিসা

যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, কানাডা বা শেনজেন দেশের ভিসাধারী বা সেসব দেশের বাসিন্দারা আগে অন্তত একবার সেখানে ভ্রমণ করলে আগমনের পর ভিসা পেতে পারেন। ভিসার মেয়াদ থাকবে এক বছর।

৭. বিমানবন্দরে বুকিং যাচাই

আগমনের পর কর্মকর্তারা নুসুক বা মাসার সিস্টেমে থাকা হোটেল ও পরিবহন বুকিং যাচাই করবেন। কোনও তথ্য অনুপস্থিত থাকলে যাত্রা বন্ধ বা জরিমানা হতে পারে।

৮. অনুমোদিত ট্যাক্সি ও পরিবহন বাধ্যতামূলক

তীর্থযাত্রীরা কেবল নুসুক অ্যাপের মাধ্যমে অনুমোদিত ট্যাক্সি, বাস বা ট্রেন ব্যবহার করতে পারবেন। যেকোনও সাধারণ গাড়ি ব্যবহার করলে শাস্তি হতে পারে।

৯. হারামাইন এক্সপ্রেস ট্রেনের সময়সীমা

জনপ্রিয় হারামাইন এক্সপ্রেস ট্রেন কেবল রাত ৯টা পর্যন্ত চলে। এরপর পৌঁছালে আগেই অনুমোদিত বিকল্প পরিবহন বুক করতে হবে।

১০. নিয়ম ভাঙলে কঠোর জরিমানা

অননুমোদিত গাড়ি ব্যবহার, অতিরিক্ত থাকা বা পরিকল্পনা ভঞ্জোর ক্ষেত্রে প্রতি ব্যক্তিকে কমপক্ষে ৭৫০ সৌদি রিয়াল জরিমানা করা হবে।

-B